গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি/২১৩/২০২৪/ ১৭২ — তারিখ: ১৮.০৬.২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ সংক্রান্ত।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর/২০২৪ এবং জানুয়ারি-জুন/২০২৫ কিস্তির উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ কার্যক্রম আগামী ১৯.০৬.২০২৫ তারিখে হতে শুরু হবে। HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত সুবিধাভোগী শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরে জুলাই-ডিসেম্বর/২০২৪ এবং জানুয়ারি-জুন/২০২৫ কিস্তির উপবৃত্তি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি'র অর্থ G2P পদ্ধতিতে প্রেরণ করা হবে। উপবৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থী/অভিভাবকের সংশ্লিষ্ট একাউন্টে বিতরণকৃত অর্থ জমা হওয়ার পর পরই উত্তোলনের জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য যে, উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ থেকে MFS কর্তৃক নির্ধারিত ক্যাশ আউট চার্জ কর্তন করা হবে না। ক্যাশ আউট চার্জের অর্থ সংশ্লিস্ট মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী/ অভিভাবকের একাউন্ট নম্বরে প্রদান করা হবে।

০৩। উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য, একাউন্ট নম্বর, একাউন্ট নম্বরের পিন অথবা OTP নম্বর অন্য কারো সাথে শেয়ার না করার জন্য অনুরোধ করা হলো।

০৪। সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১৮/০৬/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৫। সিনিয়র সচিরের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৬। সচিরের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (উপবৃত্তির অর্থ উত্তোলনের জন্য উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী/অভিভাবকে অবহিতকরণের অনুরোধসহ)।
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।